দৈনিক ইনকিলাব

তারিখ JUL 25 1999
পৃষ্ঠা ৭৭ কলাম ২

# ঠাকুরগাঁওতে প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনের দাবীতে ছাত্রছাত্রীদের ধর্মঘট পালিত

ঠাকারগাঁও থেকে জেলা সংবাদদাতা ঃ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ঠাকুরগাঁওয়ে এবং হাজী দানেশ কৃষি বিশ্ববিদ্যালয় দিনাজপুরে স্থাপনের দাবীতে গত ২০ জুলাই ঠাকুরগাঁও জেলা শহরে সব ক'টি কলেজ, হাই স্কুল, কিন্ডারগার্টেন ও সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা স্বতঃস্ফূর্তভাবে ধর্মঘট পালন করে।

কলেজ ও উচ্চ বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা ২০ জুলাই দুপুর ১২টায় জেলা প্রশাসকের অফিস ঘেরাও করে এবং জেলা প্রশাসককে বিশ্ববিদ্যালয় স্থাপনের দাবী জানায়। এ দাবী পূরণ না হলে আরও চরম আন্দোলনের কর্মসূচী গ্রহণ করার কথাও বলা হয়েছে।